# ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ ভান্ডার বিভাগ
মুদ্রণকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), ভান্ডার বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৪৩.০২.০১৫.২৪ নথির বিষয়: Supply of Cat-6 cable for IP camera of Store Division, Dhaka WASA
নোট: ১ নোটের বিষয়: **Supply of Cat-6 cable for IP camera of Store Division, Dhaka WASA**

**অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৮/১২/২৪ ১:১৬ অপরাহ্ন**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ছবিগুলি সদয় দেখা যেতে পারে। পাগলায় ভান্ডার বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মডস জোন, রাজস্ব জোন ও অফিসের সংগ্রহকৃত মালামাল ভান্ডার বিভাগে জমা রাখা হয়। এছাড়াও বিভিন্ন বিভাগ/প্রকল্পের পুরাতন ও ব্যবহার অনুপযোগী মালামাল এম আর এস. এর মাধ্যমে ভান্ডার বিভাগে জমা করা হয়। অত্র বিভাগ কর্তৃক উক্ত মালামালসমূহ মজুদ, সংরক্ষণ ও বিতরণ করা হয়ে থাকে। অত্র বিভাগে পর্যাপ্ত বদ্ধ গুদাম এবং উন্মুক্ত শেড না থাকায় মালামালের প্রকৃতিভেদে অপেক্ষাকৃত ক্ষুদ্র ও মূল্যবান মালামাল সমূহ বদ্ধ গুদামে এবং অপেক্ষাকৃত বড় ও ভারী মালামাল সমূহ যথাক্রমে উন্মুক্ত শেড ও খোলা মাঠে সংরক্ষণ করা হয়। ভান্ডার বিভাগের মূল্যবান মালামালের সার্বিক নিরাপত্তার জন্য ৯ (নয়) জন আনসার ও ১২ (বারো) জন সিকিউরিটি নিরাপত্তাকর্মী নিয়োজিত আছে। মূল্যবান মালামাল থাকার কারণে প্রায়ই চোর প্রবেশের চেষ্টা করে। তাই ভান্ডার বিভাগের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা পর্যবেক্ষণের জন্য আইপি ক্যামেরা স্থাপন করা আছে। দীর্ঘদিন ব্যবহারের ফলে আইপি ক্যামেরায় সংযোগকৃত ক্যাট-৬ ক্যাবলের অনেক জায়গায় জোড়া দেয়া হয়েছে। ফলে অনেকগুলি ক্যামেরার সংযোগ প্রায়শই বিচ্ছিন্ন হয়ে যায়। তৎপ্রেক্ষিতে সংযোগ বিচ্ছিন্নকৃত/ জোড়াকৃত ক্যাট-৬ ক্যাবলের আইপি ক্যামেরাগুলি চালু করার জন্য জরুরি ভিত্তিতে বর্তমানে ২ কয়েল (১ কয়েল=৩০৫ মিটার) ক্যাট-৬ ক্যাবল সংগ্রহ করা প্রয়োজন।

**অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৮/১২/২৪ ১:১৭ অপরাহ্ন**

উপরোক্ত বর্ণনার আলোকে "Supply of Cat-6 cable for IP camera of Store Division, Dhaka WASA" শীর্ষক কাজের জন্য একটি প্রাক্কলন (সংযুক্তি-৩) প্রস্তুত করা হলো। বর্তমান বাজার দর (সংযুক্তি-২) এর ভিত্তিতে প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ হয়েছে ২২,৭০০.০০ (বাইশ হাজার সাতশত) টাকা মাত্র। আলোচ্য কাজটি ভান্ডার বিভাগের ২০২৪-২০২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (সংযুক্তি-১, ক্রমিক নং-১৫) এর থোক বরাদ্দের আওতায় বাস্তবায়ন করা হবে। কাজটির ব্যয়ভার ভান্ডার বিভাগের চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেট বরাদ্দের "অফিস রক্ষণাবেক্ষণ" খাত (কোড: ০১-০২-০১২) হতে নির্বাহ করা হবে। কাজটি অতি জরুরি ও স্বল্পমূল্যের বিধায় পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। উক্ত টাকা অস্থায়ী অগ্রিম হিসেবে গ্রহণ করা হবে এবং কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

**সংযুক্তিসমূহ (৩):**
১। বার্ষিক ক্রয় পরিকল্পনা.
২। বর্তমান বাজার দর.
৩। প্রাক্কলন.

**অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৮/১২/২৪ ১:১৮ অপরাহ্ন**

এমতাবস্থায়, "Supply of Cat-6 cable for IP camera of Store Division, Dhaka WASA" শীর্ষক কাজটি পিপিআর-২০০৮ এর৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট ২২,৭০০.০০ (বাইশ হাজার সাতশত) টাকা মাত্র প্রাক্কলনটি অনুমোদন করা যেতে পারে। Sub-Delegation of Financial Power অনুযায়ী বর্ণিত কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'লো।

| | | | |
|---|---|---|---|
| ৮/১২/২৪ ২:৩২ অপরাহ্ন<br>মোঃ হাসানুজ্জামান<br>উপ-সহকারী প্রকৌশলী<br>ভান্ডার বিভাগ | ৮/১২/২৪ ২:৩৬ অপরাহ্ন<br>শল সরকার<br>সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)<br>ভান্ডার বিভাগ | ৮/১২/২৪ ৬:০১ অপরাহ্ন<br>মোঃ ছরোয়ার হোসেন খান<br>নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)<br>ভান্ডার বিভাগ | ৯/১২/২৪ ১:৫০ অপরাহ্ন<br>মোঃ ইকবাল আহমেদ মজুমদার<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)<br>এস এম ডব্লিউ সি সার্কেল |

~~৯/১২/২৪ ১:৫০ অপরাহ্ন~~
~~মুস্তাফিজুর রহমান~~
~~প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~
~~প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)~~

**অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৯/১২/২৪ ৮:৪২ অপরাহ্ন**

Okay

| | | | |
|---|---|---|---|
| ৯/১২/২৪ ৮:৪৩ অপরাহ্ন<br>মুস্তাফিজুর রহমান<br>প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)<br>প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ) | ১০/১২/২৪ ২:২২ অপরাহ্ন<br>মোঃ ইকবাল আহমেদ মজুমদার<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)<br>এস এম ডব্লিউ সি সার্কেল | ১১/১২/২৪ ১০:৩১ অপরাহ্ন<br>মোঃ ছরোয়ার হোসেন খান<br>নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)<br>ভান্ডার বিভাগ | ১২/১২/২৪ ৫:০৯ অপরাহ্ন<br>শল সরকার<br>সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)<br>ভান্ডার বিভাগ |